

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.৪৪৪.৯৮-

তারিখ :-----খ্রিঃ।

বিষয় : মরহুম হাবিবুর রহমান, সাবেক ক্রেডিট সুপারভাইজার-এর আনুতোষিক ও মাসিক অবসরভাতা এবং লাম্পস্মান্ট মঞ্জুরী প্রসঙ্গে।

যুব উন্নয়ন অধিদপ্তরধীন বাগেরহাট জেলার শরণখোলা উপজেলা কার্যালয়ের ক্রেডিট সুপারভাইজার জনাব মোঃ হাবিবুর রহমান ২৬-১১-২০১৫খ্রিঃ তারিখে ইন্তেকাল করেন। মরহুমের স্ত্রী জনাব লাকী আকতার পারিবারিক পেনশন মঞ্জুরীর জন্য নির্ধারিত ফরমে আবেদন করেছেন। মরহুমের মোট পেনশনযোগ্য চাকুরিকাল ১৭ বছর ০২ মাস ২৯ দিন। তিনি ৬৩% হারে পেনশন প্রাপ্য। প্রত্যাশিত শেষ বেতন সনদ(ইএলপিসি) অনুযায়ী মরহুমের পূর্ণ গড় বেতনে ০৯ মাস ১২ দিন ও অর্ধ গড় বেতনে ০১ বছর ০৪ মাস ২১ দিন অর্জিত ছুটি পাওনা রয়েছে এবং মৃত্যুর অব্যবহিত পূর্বের তারিখে মূল বেতন ২১,৪৭০/-টাকা। সে অনুযায়ী ২১,৪৭০/-টাকার ৬৩% হারে ১৩,৫২৬/১০ টাকা মোট অবসরভাতা প্রাপ্য। তিনি অবসরভাতা ১৩,৫২৬/১০ টাকার ১ম অর্ধাংশ ৬,৭৬৩/০৫ টাকার বিনিময় হার ২৪৫/-টাকা হিসেবে ৬,৭৬৩/০৫x২৪৫=১৬,৫৬.৯৪৭/-টাকা আনুতোষিক ও ২য় অর্ধাংশ ৬,৭৬৩/০৫ টাকা হারে মাসিক অবসরভাতা এবং প্রাপ্য ছুটি নগদায়নপূর্বক ১৭ মাস ২২ দিনের মূল বেতনের সমপরিমাণ লাম্পস্মান্ট বাবদ ১৭ মাস ২২দিনx২১,৪৭০=৩,৮০,৭৩৪/-টাকা প্রাপ্য। উল্লেখ্য, টাইমস্কেলজনিত কারণে অতিরিক্ত উত্তোলিত বেতনভাতা বাবদ ১,৯৬,০৫১/-টাকা আনুতোষিক হতে সমন্বয়যোগ্য।

২। বর্ণিত অবস্থায়, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ২৭-০১-২০০৯খ্রিঃ তারিখের অম/অবি/প্রবি-১/৩পি-২/২০০৫(অংশ-১)/৫ সংখ্যক স্মারকে জারীকৃত পেনশন মঞ্জুরী ও পরিশোধ বিধি'২০০৯ এর অনুঃ-৩.০১ মোতাবেক আনুতোষিক বাবদ প্রাপ্য ১৬,৫৬,৯৪৭/-টাকা হতে ১,৯৬,০৫১/-টাকা সমন্বয় করে অবশিষ্ট (১৬,৫৬,৯৪৭-১,৯৬,০৫১) ১৪,৬০,৮৯৬/- (চৌদ্দ লক্ষ ষাট হাজার আটশত ছিয়ানব্বাই) টাকা ও ৬,৭৬৩/০৫ (ছয় হাজার সাতশত তেষট্টি টাকা/০৫) টাকা হারে মাসিক অবসরভাতা এবং জাতীয় বেতনস্কেল ২০১৫ এর অনুঃ-১০(২)(খ) অনুযায়ী লাম্পস্মান্ট বাবদ ৩,৮০,৭৩৪/- (তিন লক্ষ অর্ধশ হাজার সাতশত চৌত্রিশ) টাকাসহ সমুদয় অর্থ জনাব লাকী আকতার-এর অনুকূলে পরিশোধের মঞ্জুরী অনুমোদনক্রমে প্রদান করা হলো।

৩। মরহুমের আনুতোষিক ও মাসিক অবসরভাতা এবং লাম্পস্মান্ট পরিশোধের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রসমূহ এতদসঙ্গে প্রেরণ করা হলো :

নং	বিবরণ	সংখ্যা
১	পারিবারিক পেনশন ফরম ২.২(সংযোজনী-৫)	০১(এক) কপি
২	মৃত্যু সনদ	০১(এক) কপি
৩	উত্তরাধিকারী সনদ ও নন ম্যারিজ সার্টিফিকেট(সংযোজনী-৩)	০১(এক) কপি
৪	নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ(সংযোজনী-৬)	০১(এক) কপি
৫	আনুতোষিক ও অবসর ভাতা উত্তোলন করার ক্ষমতা অর্পণ ও অভিভাবক মনোনয়ন এর প্রত্যয়ন পত্র	০১(এক) কপি
৬	না-দাবী প্রত্যয়নপত্র(সংযোজনী-৮)	০১(এক) কপি
৭	প্রত্যাশিত শেষ বেতন সনদ(সংযোজনী-১)	০১(এক) কপি
৮	মূল চাকুরি বহি	০১(এক) কপি

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৮(আট) কপি।

(আ. ন. আহম্মদ আলী)  
যুগ্ম সচিব  
পরিচালক(প্রশাসন ও অর্থ)  
ফোনঃ ৯৫৫০৮৬৩।

উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা

শরণখোলা, বাগেরহাট।

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.৪৪৪.৯৮-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেইজ(৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বাগেরহাট।

৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা(তাকে আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, শরণখোলা, বাগেরহাট।

৬। জনাব লাকী আকতার, স্বামী: মরহুম হাবিবুর রহমান, গ্রাম: দক্ষিণ রাজাপুর, ডাক: আর, শরণখোলা, উপজেলা: শরণখোলা, বাগেরহাট।

৭। অফিস কপি।

তারিখ : ০৬/০১/১৬ খ্রিঃ।

(মোঃ শাহদাত হোসেন)  
নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা  
ফোন: ৪৭১১০৬৭২।